

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
জগন্নাথপুর, সুনামগঞ্জ।  
[www.dgf.ood.gov.bd](http://www.dgf.ood.gov.bd)

স্মারক নং- ১৩.০১.৯০৪৭.০০১.৪৪.০৪৩.২১.৬৫

তারিখঃ ২৮/১২/২০২৩ খ্রিঃ।

“সভার নোটিশ”

জগন্নাথপুর উপজেলার খাদ্যবান্ধব কার্যক্রম সংক্রান্ত সেবা গ্রহীতা/স্টেকহোল্ডারদের সাথে **অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা অবহিতকরণ** সভা আগামী ৩০/১২/২০২৩ খ্রী. তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে অত্র কার্যালয়ে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় জগন্নাথপুর উপজেলায় খাদ্যবান্ধব কার্যক্রমে নিয়োজিত ডিলারগণসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী-

- ক) অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা অবহিতকরণ
- খ)বিবিধ।



(মোঃ শাহাব উদ্দিন)  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
জগন্নাথপুর, সুনামগঞ্জ

স্মারক নং-১৩.০১.৯০৪৭.০০০.০৫.০০৩.০৫.৬৫

তারিখঃ ২৮/১২/২০২৩ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট।
- ২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ।
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা জগন্নাথপুর/ রানীগঞ্জ এলএসডি, সুনামগঞ্জ।
- ৪। খাদ্য পরিদর্শক, অত্র দপ্তর।
- ৫। জনাব.....তদারকি কর্মকর্তা, .....
- ৬। জনাব..... জগন্নাথপুর, সুনামগঞ্জ।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
জগন্নাথপুর, সুনামগঞ্জ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
জগন্নাথপুর, সুনামগঞ্জ।  
[www.dgf.ood.gov.bd](http://www.dgf.ood.gov.bd)

৩০/১২/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের ২য় সভার কার্য বিবরণী।

সভাপতিঃ জনাব মোঃ শাহাব উদ্দিন, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জগন্নাথপুর, সুনামগঞ্জ।  
সভার তারিখ ও সময়ঃ ৩০/১২/২০২৩ খ্রি.তারিখ বিকাল ৩.০০ ঘটিকা।  
স্থানঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ের অফিস কক্ষ।  
উপস্থিতিঃ সভায় উপস্থিত সেবাগ্রহীতা/ অংশীজনদের নামের তালিকা- পরিশিষ্ট-ক

সভাপতি অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক সভায় উপস্থিত সম্মানিত সকল সেবাগ্রহীতা ও অংশীজন সুনামগঞ্জ জেলাধীন জগন্নাথপুর উপজেলার খাদ্যবান্ধব ডিলারদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন, জগন্নাথপুর উপজেলায় মোট ১৬ জন খাদ্যবান্ধব ডিলার রয়েছে। উক্ত ডিলারদের মাধ্যমে অত্র উপজেলায় হতদরিদ্র মানুষদের মাঝে চাল বিতরণ করা হচ্ছে। তিনি জানান ইতিমধ্যে সেপ্টেম্বর হতে ডিসেম্বর মাসের চাল বিতরণ শেষ করা হয়েছে। আপনাদের বিতরণ করা চালের মাস্টাররোল দ্রুততার সাথে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দেওয়ার জন্য সকলকে অনুরোধ জানান হয়। সরবরাহকৃত চাল ভোক্তা পর্যায়ে সুষ্ঠু ভাবে বিক্রয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য ডিলার এবং তদারককারী কর্মকর্তাগণকে আরো অধিকতর সতর্কতা অবলম্বন করার জন্য পরামর্শ প্রদান করেন। বর্তমানে ওএমএস এর মাধ্যমে টিসিবি এর চাল বিতরণ অব্যাহত আছে। ওএমএস ডিলারগণ যাতে সঠিকভাবে টিসিবি এর জন্য বরাদ্দকৃত চাল সঠিক সময়ে ডিলার এর দোকানে পৌঁছে দেন সে বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেন। এ বিষয়ে কোন সমস্যা হলে নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ প্রদান করা হয়। সরকারি নির্দেশনা যথাযথ ভাবে অনুসরণ করে খাদ্যবান্ধব/ ওএমএস কার্যক্রম পরিচালনা করার জন্য সকল ডিলারগণকে পরামর্শ প্রদান করেন। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ১। ওএমএস ডিলারগণ সঠিক সময়ে নির্ধারিত পরিমাণ পণ্য সংশ্লিষ্ট ডিলারের দোকানে পৌঁছে দিবেন।
- ২। জনপ্রতি নির্ধারিত পরিমাণ চালের মাস্টার রোল নির্ধারিত ছকে তৈরী করতে হবে।
- ৩। দিন শেষে মোট বিক্রয় ও মজুদ হিসাব মজুদ রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে।
- ৪। তদারকি কর্মকর্তার উপস্থিতিতে চাল বিক্রয় শুরু করতে হবে।
- ৫। খাদ্যবান্ধব কেন্দ্রে সহজে চিহ্নিত করণের জন্য দোকানের সামনে ব্যানার টাঙ্গানো নিশ্চিত করতে হবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শাহাব উদ্দিন)  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
জগন্নাথপুর, সুনামগঞ্জ

স্মারক নং-১৩.০১.৯০৪৭.০০১.৩২.০২১.১৫.৭০  
অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

তারিখঃ ৩০/১২/২০২৩ খ্রি.

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট।
- ২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ।
- ৩। জনাব -----, তদারকি কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
- ৪। জনাব-----, খাদ্যবান্ধব ডিলার, ----- জগন্নাথপুর, সুনামগঞ্জ

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
জগন্নাথপুর, সুনামগঞ্জ

